

## যঈফ ও জাল হাদিস

হাদিস নম্বরঃ ১৪১৭

১/ বিবিধ

আরবী

من أراد أن يلقي الله طاهرا مطهرا فليتزوج الحرائر  
ضعيف

رواه ابن ماجه (1862) وابن عدي (164/2) وعنه ابن عساكر (4/284/1) عن  
سلام بن سوار: حدثنا كثير بن سليم عن الضحاك بن مزاحم قال: سمعت أنس بن  
مالك قال: فذكره مرفوعا. وقال ابن عدي  
" لا أعلم رواه عن كثير بن سليم عن الضحاك عن ابن عباس إلا سلام هذا، وغيره  
قال: عن كثير بن سليم عن الضحاك عن النبي صلى الله عليه وسلم مرسلا، وروي  
عن  
نهشل عن الضحاك عن ابن عباس عن النبي صلى الله عليه وسلم، وسلام بن سوار  
هو

عندي منكر الحديث

قلت: ونحوه شيخه كثير بن سليم وهو الضبي، وقد جزم بضعفهما الحافظ في  
التقريب ". ولذلك أشار المنذري في " الترغيب " (3/67) لضعفه. ونقل  
المنائوي عنه أنه قال: " حديث ضعيف ". وهذا ليس عنده إلا إشارة كما ذكرنا  
والله أعلم

والحديث ذكره البخاري في " التاريخ الكبير " (4/2/404) معلقا في ترجمة يونس  
ابن مرداس عن أنس قال: سمعت النبي صلى الله عليه وسلم يقول: فذكره. وقال

"وروى عنه أحمد بن يوسف العجلي  
ولم يذكر فيه جرحا ولا تعديلا. وقال محققه - وهو اليماني - رحمه الله  
تعالى  
" هذه الترجمة من (قط) ، ولم أجده ولا الراوي عنه فيما عندنا من الكتب  
فألله أعلم

বাংলা

১৪১৭। যে ব্যক্তি আল্লাহর সাথে পবিত্র অবস্থায় মিলিত হতে চায় সে যেন স্বাধীন নারীদের বিয়ে করে।

হাদীসটি দুর্বল।

হাদীসটি ইবনু মাজাহ (১৮৬২), ইবনু আদী (২/১৬৪), তার থেকে ইবনু আসাকির (৪/২৮৪/১) সালাম ইবনু সিওয়ার হতে, তিনি কাসীর ইবনু সুলাইম হতে, তিনি যহহাক ইবনু মাযাহিম হতে, তিনি আনাস (রাঃ) হতে বর্ণনা করেছেন। তিনি বলেনঃ ... মারফু হিসেবে।

ইবনু আদী বলেনঃ কাসীর ইবনু সুলাইম হতে, তিনি যাহহাক হতে, তিনি ইবনু আব্বাস (রাঃ) হতে এ সূত্রে সালাম ইবনু সিওয়ার ছাড়া অন্য কেউ বর্ণনা করেছেন বলে আমি জানি না। অন্যরা বলেনঃ তিনি কাসীর ইবনু সুলাইম হতে, তিনি যহহাক হতে, তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে মুরসাল হিসেবে বর্ণনা করেছেন। তিনি নাহশাল হতে, তিনি যাহহাক হতে, তিনি ইবনু আব্বাস (রাঃ) হতে, তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে বর্ণনা করেছেন। সালাম ইবনু সিওয়ার আমার নিকট মুনকারুল হাদীস।

আমি (আলবানী) বলছিঃ তার শাইখ কাসীর ইবনু সুলায়েমও তার মতই, তিনি হচ্ছেন দব্বী। হাফিয ইবনু হাজার "আত-তাকরীব" গ্রন্থে তাদের দু'জনের দুর্বল হওয়ার বিষয়টি দৃঢ়তার সাথে উল্লেখ করেছেন। এ কারণেই মুনযেরী "আত-তারগীব" গ্রন্থে (৩/৬৭) হাদীসটি দুর্বল হওয়ার দিকেই ইঙ্গিত দিয়েছেন। আর মানবী তার উদ্ধৃতিতে উল্লেখ করেছেন যে, তিনি বলেছেনঃ হাদীসটি দুর্বল।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72296>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন